

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/2/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো শ্যাননের আইনটি স্বাক্ষর করেন যেখানে বড় বীমাকারী গ্রুপের চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় ম্যামোগ্রামগুলো আওতাধীন করা আবশ্যিক

গভর্নর কুওমো: "আমরা জানি যে ক্যান্সার রোগের ক্ষেত্রে, প্রাথমিক শনাক্তকরণই সর্বোত্তম সম্ভাব্য চিকিৎসা। এই প্রশাসন স্টেটজুড়ে মহিলাদের স্তন ক্যান্সারের স্ক্রিনিংয়ে যে কোনো প্রতিবন্ধকতা রোধ করতে সক্রিয় পদক্ষেপ গ্রহণ করেছে এবং তা অব্যাহত রাখবে।"

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ মহিলাদের স্বাস্থ্যসেবা সুরক্ষা আরো জোরদার করে আইনে স্বাক্ষর করেন। বিল (S.3852-A/A.5502-A)-এ 35 থেকে 39 বছর বয়সী মহিলাদের জন্য বড় বীমাকারী গোষ্ঠীগুলির চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় ম্যামোগ্রামগুলি আওতাভুক্ত করা আবশ্যিক করে। আইনটি, "শ্যাননের আইন", নামে পরিচিত যা লং আইল্যান্ডের ব্যাবিলনের শ্যানন স্যাটার্নো এর নামে নামকরণ করা হয়েছে, যিনি 28 বছর বয়সে স্তন ক্যান্সারে আক্রান্ত হয়ে 31 বছর বয়সে মারা গেছেন।

"আমরা জানি যে ক্যান্সার রোগের ক্ষেত্রে, প্রাথমিক শনাক্তকরণই সর্বোত্তম সম্ভাব্য চিকিৎসা। এই প্রশাসন স্টেটজুড়ে মহিলাদের স্তন ক্যান্সারের স্ক্রিনিংয়ে যে কোনো প্রতিবন্ধকতা রোধ করতে সক্রিয় পদক্ষেপ গ্রহণ করেছে এবং তা অব্যাহত রাখবে", **গভর্নর কুওমো বলেন।** "এই আইনটি স্বাক্ষর করে, আমরা স্তন ক্যান্সারের স্ক্রিনিংয়ের প্রতিবন্ধকতাগুলি দূর করার এবং নিউ ইয়র্কের সব মহিলার স্বাস্থ্যসেবায় প্রবেশাধিকার উন্নত করার জন্য আরও একটি পদক্ষেপ নিচ্ছি।"

"সম্ভাব্য জীবন রক্ষামূলক পরিষেবাগুলোতে প্রবেশাধিকার প্রসারিত করার জন্য আমরা আমাদের প্রচেষ্টাকে দ্বিগুণ করেই চলছি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমরা জানি ম্যামোগ্রাম এবং ক্যান্সারের স্ক্রিনিংগুলি সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য অবশ্যই উপলভ্য থাকতে হবে এবং এই আইনটি সমস্ত এলাকাটিতে, প্রাথমিক শনাক্তকরণ এবং চিকিৎসা নিশ্চিত করতে সহায়তা করবে। আমরা স্টেটজুড়ে স্তন ক্যান্সারের স্ক্রিনিং এবং জীবন বাঁচাতে প্রচারণা অব্যাহত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।"

বর্তমানে, অনেকগুলি বীমা কোম্পানিকে শুধু 40 বছরের বেশি বয়সী মহিলাদের বার্ষিক ম্যামোগ্রামের স্ক্রিনিংগুলি আওতাভুক্ত করতে হবে, তবে স্তন ক্যান্সারের 12,000 এরও বেশি ক্ষেত্রে প্রতি বছর 40 বছরের কম বয়সী মহিলাদের মধ্যে থেকে শনাক্ত করা হয় এবং প্রায়শই পরবর্তী পর্যায়ে এবং তা আরো আক্রমণাত্মক ক্যান্সার এর রূপ ধারণ করে।

শ্যাননের আইনে বড় বীমা কোম্পানিগুলির চিকিৎসার প্রয়োজনে 35 থেকে 39 বছর বয়সী মহিলাদের বার্ষিক ম্যামোগ্রামের স্ক্রিনিংগুলির আওতাভুক্ত করার প্রয়োজন হবে।

স্টেট সেনেটর মনিকা আর. মাটিনেজ বলেন, "আমি প্রাথমিকভাবে শনাক্তকরণের গুরুত্বের উপর খুব দৃঢ়ভাবে বিশ্বাস করি এবং 40 বছরের কম বয়সী ব্যক্তিদের চিকিৎসার জন্য প্রয়োজনীয় মনে করা হলে বার্ষিক ম্যামোগ্রামে তাদের প্রবেশাধিকার থাকা জরুরি। 8 জনের মধ্যে 1 জন মহিলা তাদের জীবদ্দশায় স্তন ক্যান্সারে আক্রান্ত হওয়ার সাথে সাথে, প্রারম্ভিক শনাক্তকরণ এবং জীবন বাঁচাতে সক্ষম করার জন্য এই বিলটি খুবই গুরুত্বপূর্ণ।"

অ্যাসেম্বলি সদস্য কিম্বারলি জিন-পিয়েরে বলেন, "দেরিতে রোগ ধরা পড়ার কারণে কম বয়সী অনেক নারী স্তন ক্যান্সারে প্রাণ হারিয়েছে। এই রোগটি অল্প বয়সী এবং বৃদ্ধ মহিলাদের উপর প্রভাব ফেলে, তাই ম্যামোগ্রামের জন্য কভারেজ সম্প্রসারণ খুবই গুরুত্বপূর্ণ। বার্ষিক ম্যামোগ্রাম স্ক্রিনিংয়ের বয়স হ্রাস করা নিশ্চিত করবে যেনো মহিলারা খুব দেরী হওয়ার আগেই পদক্ষেপ নিতে পারে। শ্যাননের আইন দীর্ঘ সময় সীমার এবং আমি সমর্থনের জন্য গভর্নর কুওমোর কাছে কৃতজ্ঞ।"

###

অতিরিক্ত তথ্য এখানে উপলব্ধ www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)